

## সর্বসমস্যার সমাধান

আমাদের দৈনন্দিন জীবন নানাবিধ সমস্যায় পরিপূর্ণ। আমরা এইসব সমস্যার সমাধান করতে না পেরে শরীরে রোগ বাঁধিয়ে ফেলি। উচ্চ রক্তচাপ, হার্টের সমস্যা কতকিছু অথচ আমাদের হাতের কাছেই রয়েছে কত সহজ, সুন্দর সমাধান। নীচে কয়েকটি সহজ সমাধান উল্লেখ করা হলোঃ

**দোয়াঃ বিসমিল্লাহির রহমানির রাহিম।**

পড়তে হবে ৭৮৭ বার। (এক বসায়, গভীর ভক্তি সহকারে, নইলে ফল প্রাপ্তি হবে না)

ভিসা সংক্রান্ত সমস্যায় খুবই উপকারী।

সাবধানতাঃ কেউ যদি শুধু এই দোয়ার উপর ভরসা না করতে পেরে হুজুর সায়দাবাদীর ইমিগ্রেশন সংক্রান্ত তাবিজ গলায় দেন তবে উলটো ফলও হতে পারে। নেদারল্যান্ডস এর জন্য এই দোয়া চলবে না, তাবিজ ও কাযর্কারী নয়। নেদারল্যান্ডস ইমিগ্রেশন ডিপার্টমেন্ট এই দোয়া ও তাবিজ প্রুফ। এখানে যারা চেষ্টা করেছেন তারা সফল হননি।

**দোয়াঃ সুরা ফাতিহা।**

পড়তে হবে ৪১ বার। (এক বসায়, গভীর ভক্তি সহকারে, নইলে ফল প্রাপ্তি হবে না)

যেকোনো ধরনের ব্যথা - বেদনায় খুবই উপকারী। (বহু পরীখিত)

সাবধানতাঃ এই দোয়াতে তাৎখনিক উপকার হয়, কিন্তু রোগের চিরমুক্তির জন্য অবশ্যই ডাক্তার, ঔষধ, ফিজিওথেরাপি জরুরী কারণ আজকের দিনের মানুষের মনে সেই ভক্তি নেই যে শুধু দোয়ায় কাজ হবে।

**দোয়াঃ ইম্বাল্লিলাহে ও ইম্মা ইলাইহে রাজেউন।**

পড়তে হবে ১৯ বার। (এক বসায়, গভীর ভক্তি সহকারে, নইলে ফল প্রাপ্তি হবে না), পড়ার পর আচলে বা ওড়নাতে গিটটু দিতে হবে যাতে ফজিলত ওখানে বাধা থাকে।

কোনো জিনিস হারিয়ে গেলে তা ফিরে পেতে অসামান্য উপকারী।

সাবধানতাঃ শুধু দোয়া পড়ে, গিটটু দিয়ে বসে থাকলে জিনিস পাওয়া যাবে না, কোমরে আচল বেধে খুজতে হবে, তারপর ও না পাওয়া গেলে আপনার নিয়তের দোষ, দোয়ার দোষ নয়।

**দোয়াঃ লা ইলাহা ইল্লা আনতা সুবহানাকা ইম্মি কুনতুম মিনাজজোয়ালেমিন।**

পড়তে হবে ৪১ বার। (এক বসায়, গভীর ভক্তি সহকারে, নইলে ফল প্রাপ্তি হবে না)

নিরাপদে যানবাহনে চলাচল সহ যে কোনো সমস্যায় কেউ ডুবে থাকলে তা থেকে পরিত্রানের জন্য। এই দোয়া দ্বারা ইউনুস নবী মাছের পেট থেকে উদ্ধার হয়েছেন, তিনি অবশ্য এক লখখ একাশি হাজার বার পরেছেন।

সাবধানতাঃ যদিও বাংলাদেশের সব বাসের সামনেই এটা লেখা থাকে , তবুও মানুষের ঈমান নেই বলে দুর্ঘটনা ঘটেই যাচ্ছে।

**দোয়াঃ আল্লাহুম্মা সাল্লিয়াল্লা সাইয়্যিদিনা মুহাম্মাদিন, নাবিউল উম্মি ওয়ালাইহি ওয়াসাল্লাম।**

পড়তে হবে ১১ বার। (এক বসায়, গভীর ভক্তি সহকারে, নইলে ফল প্রাপ্তি হবে না)

পরীখখায় প্রশ্ন কমন পড়ার জন্য, প্রশ্নপত্র হাতে পাওয়ার পর প্রশ্নের দিকে না তাকিয়ে, সাদা খাতার দিকে তাকিয়ে এই দোয়া পড়তে হবে। (লেখিকা নিজেও এক জীবনে এই দোয়ার উপর বহু ভরসা করেছেন)

সাবধানতাঃ তারপরও পরীখখায় প্রশ্ন কমন না পড়ার অনেক সম্ভাবনা থাকে, লেখিকা নিজেই তার ভুক্তভোগী। ড্রাইভিং, সাতার বা অন্যান্য খেলাধুলার পরীখখায় এই দোয়ার ব্যবহার কি ভাবে করতে হবে তা লেখিকার জানা নেই।

**দোয়াঃ ইয়া আল্লাহ**

পড়তে হবে ২০০ বার। (এক বসায়, গভীর ভক্তি সহকারে, নইলে ফল প্রাপ্তি হবে না) শুক্রবারে জুম্মার নামাজের আগে, গোসল করে কারো সাথে কথা না বলে এটা পড়তে হবে। তবে সবচেয়ে ভালো ফল পেতে হলে একটানা ৪০ দিন পড়তে হবে।

মনের যাবতীয় ইচ্ছা পূরণের জন্য এ দোয়া খুবই উপকারী। তবে ইচ্ছাটা গোপন রাখতে হবে, কাউকে বললে ইচ্ছা পূরণ হবে না!!!

সাবধানতাঃ যদি মনের ইচ্ছা না পূরণ হয় তবুও পড়ে যাবেন কারণ সাথে সাথে ফল পাওয়ার ইচ্ছা করলে আল্লাহ নারাজ হন।

**দোয়াঃ ইয়া ফাতাহ**

পড়তে হবে ৪০ বার রোজ ফজরের নামাজের পর। (এক বসায়, গভীর ভক্তি সহকারে, নইলে ফল প্রাপ্তি হবে না) একটানা ৪০ দিন পড়তে হবে।

যাদের বিয়ে হয় না তাদের ৭০ দিনের মধ্যে বিয়ে হয়ে যায়।

সাবধানতাঃ এরপরও যদি বিয়ে হতে দেয়ী হয় বা বিয়ে না হয় তাহলে বুঝতে হবে তিনি পাপী, তাপী বান্দা, তার নিয়তে দোষ আছে।

**ভাড়াটিয়া সংক্রান্ত সমস্যায় :**

এলিফ্যান্ট রোডের ছয়ুরের কাছ থেকে দোয়া ভরা পুরিন্দা এনে ভাড়াটিয়া মনোমত না হলে তা সেই ফ্লোরে দিয়ে দিলে ভাড়াটিয়া আপনা আপনি চলে যায়।

তানবীরা তালুকদার  
১৫।০৯।০৫